মেহেরপুরে এইচএসসি দাখিল ও ভোকেশনাল পরীক্ষার্থী ৫৮৬৮ জন

করোনার দীর্ঘ অপেক্ষার পর মেহেরপুরের ১৪ টি পরীক্ষা কেন্দ্রে শুরু হয়েছে এইচএসসি, ভোকেশনাল ও দাখিল পরীক্ষা। দীর্ঘ দিন পর পরীক্ষা কেন্দ্রগুলোতে পরীক্ষা শুরু হওয়ায় পরীক্ষার্থীদের মধ্যে দেখা গেছে নানা ধরনের উৎসাহ উদ্দীপনা।

চলতি এইচএসসি, ভোকেশনাল ও দাখিল বাংলা ১মপত্র পরীক্ষায় ৫৮৬৮ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন।

এর মধ্যে এইসএসসি পরীক্ষার্থী ৪ হাজার ৯০০, ভোকেশনাল শাখায় ৮১২ ও দাখিল শাখায় ১৫৬ জন শিক্ষার্থী অংশ নেন।
মেহেরপুর জেলায় মোট ১৪ টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শন শেষে সাংবাদিকদের দেওয়া সংক্ষিপ্ত বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, মেহেরপুর জেলার কেন্দ্রগুলোতে পরীক্ষা সুন্দরভাবে অনুষ্ঠিত হচ্ছে। আমাদের সন্তানেরা যাতে সুন্দর ভাবে পরীক্ষা দিতে পারে সেজন্য মেহেরপুর জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের পক্ষ থেকে কেন্দ্রগুলোতে সব ধরনের সহায়ক পরিবেশ সৃষ্টি করা হয়েছে। তাদের হাত দিয়েই আগামীর বাংলাদেশ। তারা ভবিষ্যতে নেতৃত্ব দেবে, দেশকে এগিয়ে নেবে। তারাও আগামিতে বাংলাদেশের পরীক্ষা নেবে। তাদের জীবনে আজকে এই এইচএসসি পরীক্ষার মধ্য দিয়ে একটি গুরুত্বপূর্ণ অধ্যয় শুরু হলো। তারা নিজেদের তৈরীর করার মধ্য দিয়ে এই দেশকে কিছু দেবে। এই দেশ হবে সমৃদ্ধ।